

৩০

ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় উত্তম প্রশাসনিক পদ থেকে শিক্ষকদের ইস্তফা

টাসাইল প্রতিনিধি

মওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ডি.সি. প্রফেসর ড. বল্লভুর রহমানের পদত্যাগের দাবিতে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস উত্তম হয়ে উঠেছে। গতকাল দুহুপতিবার পূর্ব ঘোষণা অনুযায়ী বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক দায়িত্ব পালনকারী সব শিক্ষক একযোগে পদত্যাগ করেছেন। ডি.সি. বল্লভুর রহমানের পদত্যাগের দাবিতে গতকাল সকালে বিভাগীয় চেয়ারম্যান, বিভিন্ন পরীক্ষা কমিটির চেয়ারম্যানসহ অন্যান্য প্রশাসনিক দায়িত্ব পালনকারী শিক্ষকরা বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটকে এক ঘণ্টা অবস্থান ধর্মঘট পালন করেন। পরে তারা একযোগে ভারপ্রাপ্ত রেজিস্ট্রার আবদুল বাসিরের কাছে পদত্যাগপত্র জমা দেন। রেজিস্ট্রার পদত্যাগপত্র গ্রহণ করে ঢাকায় অবস্থানরত ডিসির কাছে পাঠিয়েছেন। এ ব্যাপারে ডিসি সিক্রিস্ট নেবেন বলে ডিসি জানান।

এদিকে বিস্কৃত ছাত্ররা গতকাল প্রশাসনিক ভবন থেকে সব কর্মকর্তা-কর্মচারীকে বের করে গেটে আলা কুলিয়ে দেয়। নির্বাহী

প্রকৌশলী সরওয়ারুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের তয় সংক্রান্ত কিছু কাগজপত্র এক স্টাফের মাধ্যমে তার বাসভবনে পাঠানোর চেষ্টা করলে ছাত্ররা খবর পেয়ে ওই স্টাফকে ধরে ফেলেন এবং কাগজপত্র কেড়ে নিয়ে ভারপ্রাপ্ত রেজিস্ট্রারের কাছে ফেরত দেন। তিনি ঘটনার সত্যতা স্বীকার করেন।

এ ব্যাপারে ডিসি প্রফেসর ড. বল্লভুর রহমানের সঙ্গে মোবাইলে যোগাযোগ করা হলে ডিসি যায়যায়দিনকে বলেন, শিক্ষকরা বেশি বাড়াবাড়ি করছেন। ক্যাম্পাসকে এভাবে অস্থিতিশীল করার মানে হয় না। তবে তাদের সঙ্গে যোগাযোগ করে সমস্যা সমাধানের চেষ্টা করছি।

উল্লেখ্য, নানা অনিয়ম, দুর্নীতি ও স্বৈচ্ছচারিতার অভিযোগে এবং ছাত্রদের হল নির্মাণের দাবিতে গত মাসের মাঝামাঝি সময় থেকে ডিসি বল্লভুর রহমানের পদত্যাগের দাবি ওঠে। বিরোধ নিরসনে গত ২০ ফেব্রুয়ারি শিক্ষকদের সঙ্গে বৈঠকে বসেন ডিসি। কিন্তু এরপর থেকেই ডিসি ক্যাম্পাসে আসছেন না।